গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০২.০১১.০০.০০.০০১.২০০৮- ৭৫৬

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৩ / ০৫ জুন ২০১৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্রমিক | পদের নাম ও বেতনস্কেল' ২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩নং গ্রেড) | ০৪ (চার) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>(ঘ) অবশ্যই অপারেটর এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। | **গাজীপুর, ময়মনসিংহ, পঞ্চগড়, বাগেরহাট, হবিগঞ্জ জেলা ও বরিশাল বিভাগের সকল জেলা। তবে এতিম, শারীরিক প্রতিবন্ধী কোটাভুক্ত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩নং গ্রেড) | ০৭ (সাত) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ)কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপঃ<br>(১) বাংলাঃ প্রতিমিনিট সর্বনিম্ন ২৫ শব্দ<br>(২) ইংরেজিঃ প্রতিমিনিট সর্বনিম্ন ৩০ শব্দ<br>(ঘ) সাঁটলিপিতে বাংলায় সর্বনিম্ন প্রতিমিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজিতে প্রতিমিনিটে ৭০ শব্দের গতি থাকতে হবে। | |
| ৩। | ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড) | ০১ (এক) টি | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্যাতক ডিগ্রি। | |
| ৪। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড) | ০১ (এক) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing / Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপঃ<br>(১) বাংলাঃ প্রতিমিনিট সর্বনিম্ন ২০ শব্দ<br>(২) ইংরেজিঃ প্রতিমিনিট সর্বনিম্ন ২০ শব্দ | |
| ৫। | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড) | ৪ (চার) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | **ময়মনসিংহ, খাগড়াছড়ি, কুমিল্লা, ব্রাহ্মনবাড়ীয়া, পাবনা, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, নড়াইল, হবিগঞ্জ জেলা, ঢাকা বিভাগ, রংপুর বিভাগ এবং বরিশাল বিভাগের সকল জেলা। তবে এতিম, শারীরিক প্রতিবন্ধী কোটাভুক্ত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |

**আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/ অনুসরণীয় শর্তাবলী ঃ**

(১) আবেদনপত্রের ছক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) অথবা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopme.gov.bd) হতে সংগ্রহপূর্বক তদানুযায়ী আবেদন আগামী ৩০/০৬/২০১৬ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং-৬২১, ভবন নং-৬, ৭ম তলা বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

(২) মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কাগজপত্র ব্যতীত অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।

(৩) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে, অন্যথায় তাঁদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(৪) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

(৫) আবেদনকারীর বয়স ৩০/০৬/২০১৬ তারিখে ১৮ বৎসর হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে এবং বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে মুক্তিযোদ্ধা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সরকারি নিয়ম অনুযায়ী শিথিলযোগ্য (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর, মুক্তিযোদ্ধার প্রতিবন্ধী পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর, মুক্তিযোদ্ধার প্রতিবন্ধী পুত্র-কন্যার প্রতিবন্ধী পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (নাতি-নাতনী) ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। এছাড়া উপজাতি / নৃ-গোষ্ঠি প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর)।

(৬) নিয়োগের ক্ষেত্রে সরকারের কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ / প্রমানপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৭) আবেদনপত্রের খামের উপর নিজ জেলা, পদের নাম ও মুক্তিযোদ্ধা কোটা বা অন্যান্য কোটা (যদি থাকে) শব্দটি স্পষ্ট করে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্য মানের ডাক টিকেটসহ ১০" × ৪.৫" সাইজের একটি ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৮) ক্রমিক-১ , ২, ৩ ও ৪ পদের জন্য আবেদনপত্রের সঙ্গে পরীক্ষার ফি বাবদ **সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়** বরাবরে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক-৫ পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারি চালান (কোড নং ১-২৪০১-০০০১-২০৩১)-এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(৯) অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(১০) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১১) নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(১২) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বেশী হতে পারে।

(১৩) এ মন্ত্রণালয়ের ২৯ অক্টোবর, ২০১৩ তারিখের ৩৮.০০২.০১১.০০.০০.০০১.২০০৮-১১৮০ সংখ্যক স্মারকমূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার ও এম.এল.এস.এস (অফিস সহায়ক) পদে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাঁদের উল্লিখিত পদসমূহের বিপরীতে নতুন করে আবেদনের প্রয়োজন নেই।

(১৪) এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত কার্যক্রম বাতিলের যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫/০৬/১৬

উপসচিব
প্রশাসন- ২ অধিশাখা
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# চাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫X৫ ছবি (সাম্প্রতিক তোলা ২ কপি)

বরাবর

..................................................................
..................................................................
..................................................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): |

| | | | |
|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬। জন্মস্থান: জেলা : | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/ নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহলা: | | |
| | ইউনিয়/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |
| | ব্যাংকের শাখান নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর